ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬২২
আগরতলা, ২৯ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"কাতলামারায় চিকিৎসক বদলির দাবিতে কর্মবিরতির সিদ্ধান্ত আশা কর্মীদের," এই শিরোনামে ২৬ আগস্ট, ২০২৫ ও "চিকিৎসকের দুর্ব্যবহার নিয়ে ক্ষুব্ধ আশাকর্মীরা দ্রুত পদক্ষেপের দাবি তুললেন," এই শিরোনামে ১৪ আগস্ট, ২০২৫ আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদ দু'টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদগুলোর পরিপ্রেক্ষিতে পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কর্তৃক গঠিত তিন সদস্যক তদন্ত কমিটির প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, এই বিষয়ে তদন্ত কমিটি পশ্চিম জেলার অন্তর্গত কাতলামারা পিএইচসি-তে গত ২৬ আগস্ট, ২০২৫ পরিদর্শন করেন। তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী, সংশ্লিষ্ট পিএইচসি-এর আশাকর্মীরা কাতলামারা পিএইচসি-এর মেডিকেল অফিসার ডাঃ অর্ঘ্য প্রতিম দেবনাথের বিরুদ্ধে অপমানজনক ভাষা ব্যবহারের অভিযোগ জানিয়েছেন। কাতলামারা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মেডিক্যাল অফিসারইন-চার্জএই বিষয়ে আশাকর্মীদের কাছ থেকে লিখিত অভিযোগ নিয়েছেন এবং সিদ্ধান্তের জন্য তা পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের এর কাছে পাঠিয়েছেন। অন্যদিকে, অভিযুক্ত চিকিৎসক সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন এবং তিনি জানিয়েছেন যে, পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে কোনও কোনও ক্ষেত্রে রোগীর অবস্থা বিবেচনায় কঠোর সিদ্ধান্ত নিতে বাধ্য হন, যা আশাকর্মীদের অসন্তুষ্টকরে থাকে। ব্যক্তিগতভাবে কাউকে আঘাত করার তাঁর কোনও উদ্দেশ্য নেই বলে তিনি উল্লেখ করেন।

*****